

টাকা দিল প্রশাসন, ক্রেডিট নিল ছাত্রলীগ

জবি সংবাদদাতা

১৭ জুন, ২০২৪
২১:১৯

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

ঈদের দিন ঢাকায় অবস্থানরত শিক্ষার্থীদের আপ্যায়নের ব্যবস্থা করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রশাসন। আপ্যায়নের পুরো খরচ বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া হলেও বণ্টনে সহযোগিতা করার সুযোগ নিয়ে নিজেদের নামে আপ্যায়নের প্রচারণা চালানোর অভিযোগ উঠেছে জবি শাখা ছাত্রলীগের বিরুদ্ধে।

জানা যায়, সোমবার (১৭ জুন) ঢাকায় থাকা শিক্ষার্থীদের আপ্যায়ন করায় বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর নিউটন হাওলাদার, মনির হোসেন, কিশোর রায় ও মাসুদ রানা খাবার বণ্টনস্থলে উপস্থিত ছিলেন।

এ সময় তাদের খাবার বণ্টনে সহযোগিতা করেন জবি শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা।

তবে জবি শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা চালান যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের উদ্যোগে ঈদের দিন শিক্ষার্থীদের আপ্যায়ন করা হয়েছে। ছাত্রলীগ নেতাদের কেউ কেউ দাবি করেন, জবি প্রশাসন শিক্ষার্থীদের জন্য আপ্যায়নের কোনো ব্যবস্থা করেনি।

এ বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. জাহাঙ্গীর হোসেন বলেন, ‘আপ্যায়ন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগকে খাবার বণ্টনে সহযোগিতা করতে বলা হয়েছিল। খাবার বণ্টনের সময় আমাদের প্রক্টরিয়াল বডি উপস্থিত ছিল। শিক্ষার্থীরা যারা ক্যাম্পাসে এসেছে সবাইকে আপ্যায়ন করা হয়েছে। ছাত্রী হলেও আপ্যায়ন করা হয়েছে।

কেউ যদি বিভ্রান্তি ছড়ায় বিষয়টি বিব্রতকর।’

তিনি আরো বলেন, ‘আমরা দেখতে পাচ্ছি- সামাজিক যোগাযোগ মাধ্যমে কিছু শিক্ষার্থী আমাদের অন্য শিক্ষার্থীদের ভুল তথ্য দিচ্ছে। তারা বলার চেষ্টা করছে, প্রশাসন আপ্যায়নের কথা বলে কোনো আয়োজন করেনি। এটা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন।’

এ বিষয়ে জবি শাখা ছাত্রলীগের সভাপতি ইব্রাহীম ফরাজী বলেন, ‘আমাদের নিজের অর্থায়নে নয়, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের আর্থিক সহায়তায় আমরা শিক্ষার্থীদের আপ্যায়ন করিয়েছি।

ঢাকায় অবস্থানরত শিক্ষার্থী, ছাত্রী হল ও হলের স্টাফসহ সাড়ে ৩০০ জনকে আপ্যায়ন করা হয়েছে।

